
# শাহীন

ইকবালের কবিতা আবৃত্তি ক্যাসেটের প্রকাশনা উৎসব স্মারক



8U1.66R21Ben
SHA-A
1997
29697

# শাহীন

ইকবালের কবিতা আবৃত্তি ক্যাসেটের প্রকাশনা উৎসব স্মারক

IQBAL ACADEMY PAKISTAN
Library
29697
LAHORE

*পাখীর দুনিয়া মাঝে দরবেশ-ভ্রাম্যমাণ তাই,*
*শাহীন বাঁধে না নীড়-নীড় তার প্রয়োজন নাই।*
*অনুবাদ ঃ ফররুখ আহমদ*

সম্পাদনা কমিটি
এডভোকেট মুজীবুর রহমান [চেয়ারম্যান]
অধ্যাপক শাহেদ আলী
ড. আবু সাঈদ নূরুদ্দীন
ড. মুহাম্মদ আবদুল্লাহ
মীর কাসেম আলী
সৈয়দ তোসারফ আলী
সম্পাদক ঃ আবদুল ওয়াহিদ

আল্লামা ইকবাল সংসদ

# শাহীন

ইকবালের কবিতা আবৃত্তি ক্যাসেটের প্রকাশনা উৎসব স্মারক

IQBAL ACADEMY PAKISTAN Library LAHORE

প্রকাশনায়

আল্লামা ইকবাল সংসদ
৩৮০/বি, মীরপুর রোড (৩য় তলা), ধানমন্ডি, ঢাকা।
ফোন ঃ ৯৫৫৪২৫৭

প্রচ্ছদ

মোমিন উদ্দীন খালেদ

কম্পোজ ও মুদ্রণ

চৌকস
১৩১, ডিআইটি এক্সঃ রোড (৪র্থ তলা),
ঢাকা-১০০০। ফোন ঃ ৪১৯৬৫৪, ৯৩৩৮২৫২

শুভেচ্ছা মূল্য ঃ ২০ টাকা

**SHAHEEN :** Smarak–on the occation of Iqbal's poem's Audio cassette Launching Ceremony. Edited by Abdul wahid, publised by Allama Iqbal Society. 380/B. Mirpur Road [2nd Flr.], Dhanmodi R/A. Dhaka, Tel : 9554257. Price : 20, US $ 1.

## সম্পাদকীয়

*সারা বিশ্বের কবিতা প্রেমিকদের কাছে মহাকবি ইকবাল হলেন এমন এক মরুদ্যান, যেখানে শুধু ছায়া, আশ্রয় এবং আশ্বাসই নয়–পাওয়া যায় আরও অধিক কিছু ; এক অবিস্মরণীয় দৃষ্টিভঙ্গি, অনিবার্য চেতনা এবং অনির্বাণ পথনির্দেশ। এ কারণেই আজকের বেদনাদীর্ণ, জীর্ণ, হতাশ, ক্ষুব্ধ, নির্যাতিত, ক্রুদ্ধ, লাঞ্ছিত, বঞ্চিত, ব্যথিত, পীড়িত, পর্যুদস্ত, পরাভূত, নির্যাতিত, নিষ্পেষিত মানবমন্ডলীই শুধু নয়; ভালোবাসাহীন, রুক্ষ, অবিশ্বাসী এবং লক্ষ্যহীন অগ্রাভিযানের বিভ্রান্ত যাত্রীরাও আজ তাদের শ্রান্তি ও ক্লান্তি মুছে ফেলবার জন্য ইকবালে খুঁজে পেয়েছেন পরম পাথেয়। আর এভাবেই বিশ্বাসীদের এই অভ্রংলিহ মিনারটি আজ হয়ে উঠেছেন সকল কালের, সকল মানুষের অতি আবশ্যক অবলম্বন। স্থান, কাল ও পাত্রের উর্ধ্বে এক অনস্বীকার্য ধ্রুবতারা।*

*বিশ্ব-মানবতার এই মহান প্রতিভার অপূর্ব তেজস্ক্রিয়তায় আজ যখন স্পন্দিত হচ্ছে আফ্রো, এশিয়া ও ইউরোপ, তখনও আমাদের ইকবাল-চর্চা ব্যাপক কোন দ্যোতনা অর্জন করেছে–এমনটি বলা যাবে না। কিন্তু এ তো সত্য, আমাদের কবিতা ও দর্শনের বিরাট অংশ যেমন "ইকবাল-ইজমে" উদ্ভাসিত, তেমনই আমাদের অন্তরের গভীর গহনে ইকবাল ছিলেন এবং আছেন।*

*বাংলা ভাষাভাষী পাঠক কোনদিনই পরিপূর্ণ ইকবাল ও বহুমাত্রিক ইকবালকে পাননি। যা পেয়েছেন তাও আংশিক এবং খন্ডিত। এই তো সেদিন মাত্র বের হলো তাঁর জীবনী ও শ্রেষ্ঠ কবিতার সংকলন। এই অভাববোধ থেকে প্রিন্ট মিডিয়ার বাইরে ইকবালকে সঞ্চারিত করে তাঁকে প্রাত্যহিকতার মধ্যে আত্মস্থ করবার আকণ্ঠ পিপাসা ও প্রত্যাশা থেকেই আমাদের এই আবৃত্তি ক্যাসেট "ইকবালের কবিতা–১"। বাংলা ভাষায় ইকবালের উপর এ ধরনের এই প্রথম কাজটি যদি আমাদের সব সীমাবদ্ধতা সত্ত্বেও সমাদৃত হয় তাহলে ভবিষ্যতে নতুন উদ্যোগ গ্রহণে হবো অনুপ্রাণিত, উদ্বুদ্ধ।*

*ইকবালের সম্পূর্ণ-অসম্পূর্ণ মোট ৩৬টি বাংলা-উর্দু কবিতা ক্যাসেটে স্থান পেয়েছে। যাঁরা আবৃত্তি করেছেন, বিভিন্নভাবে এ ক্যাসেট প্রকাশে সহযোগিতা করেছেন, সবার প্রতি আমরা কৃতজ্ঞ। ভবিষ্যতেও এ ধরনের মহৎ উদ্যোগ নেয়ার ইচ্ছা আমাদের আছে।*

*ক্যাসেটবদ্ধ বাংলায় অনূদিত কবিতাগুলো এবং এ উপলক্ষে প্রকাশনা উৎসবের অনুষ্ঠান সূচীও আমরা স্মারকে প্রকাশ করেছি।*

# ইকবালের কবিতা আবৃত্তি-১

**A SIDE**

| কবিতারশিরোনাম | অনুবাদক | আবৃত্তিকার |
|---|---|---|
| ১. খোদার ফরমান | ফররুখ আহমদ | কোরাস (বায়জীদ, মানছুর) |
| ২. জ্ঞান ও প্রেম | নূরুদ্দীন আহমদ | এনামুল হক |
| ৩. মসজিদে কর্ডোভা | (উর্দু) | বায়জীদ মাহমুদ |
| ৪. সমর্পণ ও নিয়তি | সৈয়দ আবদুল মান্নান | কাজী ডেইজী |
| ৫. একটি সন্ধ্যা | আবদুস সাত্তার | সাইফুল্লাহ মানছুর |
| ৬. ইকবালের ব্যঙ্গ কবিতা | সত্য গঙ্গোপাধ্যায় | শাহাবুদ্দীন আহমদ |
| ৭. বেদনার দর্শন | মনিরউদ্দীন ইউসুফ | এনামুল হক |
| ৮. প্রেম | মুহাম্মদ ঈসা শাহেদী | কাজী ডেইজী |
| ৯. উট চলার গান | গোলাম মোস্তফা | কোরাস |
| ১০. আল্লাহ্‌র রাজত্ব | ঈসা শাহেদী | বায়জীদ মাহমুদ |
| ১১. মর্দে মুসলমান | গোলাম মোস্তফা | সাইফুল্লাহ মানছুর |
| ১২. হে মুহম্মদ (সাঃ)-এর আত্মা | মনিরউদ্দীন ইউসুফ | কাজী ডেইজী |
| ১৩. খুদী ও মিল্লাত | গোলাম মোস্তফা | এনামুল হক |
| ১৪. পাশ্চাত্য | ফররুখ আহমদ | শাহাবুদ্দীন আহমদ |
| ১৫. শিশুর প্রার্থনা | সত্য গঙ্গোপাধ্যায় | কাজী ডেইজী |
| ১৬. কয়লা ও হীরক | গোলাম মোস্তফা | সাইফুল্লাহ মানছুর |
| ১৭. ইকবালের স্বর্ণখন্ড | মতিউর রহমান মল্লিক | বায়জীদ মাহমুদ |
| ১৮. আশার ঝিলিক | ফররুখ আহমদ | এনামুল হক |

**B SIDE**

| | | |
|---|---|---|
| ১. দোয়া | উর্দু | বায়জীদ মাহমুদ |
| ২. প্রাচীন দিনের | ফররুখ আহমদ | শাহাবুদ্দীন আহমদ |
| ৩. কবি ইকবালের শেষ কবিতা | শ্রী মনিন্দ্র দত্ত | সাইফুল্লাহ মানছুর |
| ৪. সহগামীদের খেদমতে | গোলাম সামদানী কোরায়শী | কাজী ডেইজী |
| ৫. ফেরেশতাদের গীত | তালিম হোসেন | এনামুল হক |
| ৬. তারানা-ই-মিল্লি | গোলাম মোস্তফা | বায়জীদ মাহমুদ |
| ৭. লা ইলাহা ইল্লাহ | আবদুল মান্নান তালিব | কোরাস |
| ৮. জাবিদনামা | আমিনুল ইসলাম | সাইফুল্লাহ মানছুর |
| ৯. জ্ঞান ও প্রেম | নূরুদ্দীন আহমদ | এনামুল হক |
| ১০. ইয়া রব | উর্দু | বায়জীদ মাহমুদ |
| ১১. পর্দানশীল মুসলিম নারীদের প্রতি | আ. ফ ম আঃ হক ফরিদী | কাজী ডেইজী |
| ১২. তওহীদ তত্ত্ব | আবদুল মান্নান তালিব | সাইফুল্লাহ মানছুর |
| ১৩. গজল | সৈয়দ আলী আশরাফ | এনামুল হক |
| ১৪. উষ্ট্রের ধর্ম | সৈয়দ আবদুল মান্নান | শাহাবুদ্দীন আহমদ |
| ১৫. শিশির ও তারকা | মীজানূর রহমান | এনামুল হক |
| ১৬. ঈমান | আ. ফ. ম আঃ হক ফরিদী | বায়জীদ মাহমুদ |
| ১৭. তুলুয়ে ইসলাম | কবি রুহুল আমীন খান | সাইফুল্লাহ মানছুর |
| ১৮. কণিকা | ফররুখ আহমদ | সাইফুল্লাহ মানছুর |

# ইকবালের ৫৯ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত সেমিনার ও ইকবালের কবিতা আবৃত্তি ক্যাসেট-এর প্রকাশনা উৎসবের অনুষ্ঠানসূচী

## Two Day's Programme

**To Mark the 59th Death Anniversary of**

*Allama Iqbal*

| | | |
|---|---|---|
| 24 April | : | 4:30 pm : **Seminar** |
| 25 April | : | 4:30 pm : **Launching of Iqbal-Poems Audio Cassette.** |
| Venue | : | **VIP Lounge, National Press Club** |

*Assalamu Alaikum Wa Rahmatullah*

***Muhtaram,***

***The Allama Iqbal Society,*** *Bangladesh Requests the Pleasure of your company at the two Day-long Programme to be held on* ***24th—25th April '97*** *at the* ***VIP lounge of National Press Club*** *to Mark the 59th Death anniversary of the Great Poet-Philosopher Allama Muhammad Iqbal.*

*Abdul Wahid*
*Secretary*

*Dewan Mohammad Azraf*
*President*

***Allama Iqbal Society***

*Phone : 9554257*

## Seminar

***24th April 1997***
***Thursday 4:30 pm***

*President* : ***Dewan Mohammad Azraf***
*Chief Guest* : ***Justice Abdul Quddus Chowdhury***
*Special Guests* : ***H. E. Karam Elahi***
*High Commissioner of the Islamic Republic of Pakistan.*
***Mr. Abbas Zadeh***
*Charge de affairs, Embassy of the Islamic Republic of Iran.*

***Programme***

- *Telawat-E-Quran*
- *Address of Welcome :*
  ***Syed Tosharaf Ali,*** *Vice President of the Society.*
- ***Key note paper*** : ***"Universality and Moral Values in Iqbal's literature"***
  *By* ***Mr. Masud Majumder,***
  *Renowned Columnist and Acting Editor, weekly Bikram.*
- ***Speakers*** : ***Mr. Mujibur Rahman***
  *Senior Advocate, Bangladesh Supreme court .*
  ***Dr. M. Ershadul Bari***
  *Dean, Faculty of Law, DU.*
  ***Mr. Alamgir Mohiuddin***
  *Editor, The Daily New Nation.*
- *Special Guests' Address.*
- *Chief Guest's Address.*
- *Presidential Address.*

## Audio Cassette Launching Ceremony

***25th April 1997***
***Friday 4:30 pm***

*President* : ***Prof. Shahed Ali,*** *Advisor of the Society.*
*Chief Guest* : ***Syed Ali Ahsan,*** *National Professor.*
*Speech and Poem Recitation* : ***Poet Al Mahmood***
*Editor, Daily Karnofuli.*
***Mr. Shahabuddin Ahmad***
*Nazrul Researcher.*
***Poet Moulana Ruhul Ameem Khan***
*Executive Editor, Daily Inqilab.*
***Poet Al Mujahidi***
*Feature Editor, Daily Ittefaq.*
***Mr. Ata Sarkar***
*Prominent Columnist & Novelist.*
***Poet Sajjad Hussain Khan***
*Literary Editor, Daily Sangram.*
***Poet Isa Shahedi***
*Researcher and Translator.*
***Poet Motiur Rahman Mollik***
*Editor, Literary Magazine "Qalam"*
***Poet Abdul Hye Shikder***
*Tv. Presentor and Assitt. Editor, Weekly Bichitra.*

***Programme***

- *Telawat-E-Quran.*
- *Address of Welcome :* ***Muhammad Hafizur Rahman***
  *Int'l. Secretary of the Society.*
- *Chief Guest's Address.*
- *Presidential Address.*

## খোদার ফরমান

ফররুখ আহমদ

ওঠো-দুনিয়ার গরীব ভুখারে জাগিয়ে দাও।
ধনিকের দ্বারে ত্রাসের কাঁপন লাগিয়ে দাও।।

করো ঈমানের আগুনে তপ্ত গোলামী খুন
বাজের সমুখে চটকের ভয় ভাঙিয়ে দাও।
ঐ দেখ আসে দুর্গত দীন দুখীর রাজ!
পাপের চিহ্ন মুছে যাও, ধরা রাঙিয়ে দাও।।

কিষান-মজুর পায় না যে মাঠে শ্রমের ফল
সে মাঠের সব শস্যে আগুন লাগিয়ে দাও।
স্রষ্টা ও তাঁর সৃষ্টির মাঝে কেন আড়াল?
মধ্যবর্তী মোল্লাকে আজ হাঁকিয়ে দাও ............

## জ্ঞান ও প্রেম

নূরুদ্দীন আহমদ

জ্ঞান আমাকে বলিল, "প্রেম বাতুলতা মাত্র"।
প্রেম আমাকে বলিল,
"জ্ঞান অনুমান এবং ধারণা।"
"হে অনুমান এবং সংশয়ের দাস
গ্রন্থের কীট হইও না।"–
প্রেম হচ্ছে আপাদ-মস্তক সান্নিধ্য
জ্ঞান আপাদ-মস্তক অবগুণ্ঠিত।
প্রেম দমনই হচ্ছে সৃষ্টির কোলাহল।
জ্ঞান হচ্ছে পরিচয়, প্রেম সত্তার লীলা
প্রেম শান্ত এবং স্থিত, প্রেম জীবন এবং মৃত্যু।
জ্ঞান হলো জিজ্ঞাসা,
প্রেম হচ্ছে গোপন সমাধান।
প্রেমের অলৌকিকত্ব হচ্ছে রাজত্ব,
নিরাসক্তি এবং ধর্ম
প্রেমের দীনতম দাস মুকুট ও রাজ অঙ্গুরির অধিকারী।
প্রেম স্থান এবং অবস্থিতি, প্রেম কাল ও সৃষ্টি।
প্রেম আপাদ-মস্তক ধ্রুব বিশ্বাস
আর ধ্রুব বিশ্বাসই দ্বার উদঘাটনকারী।
প্রেম রাজ-পথে সুখ-বিশ্রাম অবৈধ,

তরঙ্গ বিক্ষোভ বৈধ, তীরের আনন্দ অবৈধ।
প্রেমে অশনি বৈধ, প্রেমে প্রাপ্তি অবৈধ।
জ্ঞান হচ্ছে পুঁথির সন্তান
প্রেম পুঁথির প্রসূতি। (অসমাপ্ত)

## সমর্পণ ও নিয়তি

সৈয়দ আবদুল মান্নান

প্রতিটি শাখায় দেখ সমস্যার গূঢ় সমাধান-
আকাশে তুলিতে মাথা প্রতি তরু খুলে তার পাতা।
মাটির আধারে বন্দী থাকা তার মনোমত নয়,
প্রতিটি মুহূর্তে বীজ দেখ তাই বিকশিতে চায়।
প্রচেষ্টা করো না বন্ধ নিয়তির আশাপথ চেয়ে,
সমর্পণ ধর্ম জেনো, বাসনার অনন্ত ব্যঞ্জনা।
তোমার বিকাশ লাগি' দেখ মুক্ত গগন-প্রাঙ্গণ।
সংকীর্ণ নয় এ বিশ্ব, বন্ধু মোর, বিধাতা-সৃজন।

## একটি সন্ধ্যা

আবদুস সাত্তার

ধূসর চাঁদের আলো কেমন নীরব হয়ে আছে,
সমস্ত গাছের শাখা প্রশান্ত, নড়ে না একটিও।
উপত্যকা-সুরকার সেও আজ নীরব, নিশ্চুপ
অজস্র পর্বত শ্রেণী সবুজ পোশাকে আচ্ছাদিত,
মূর্ছাহত সৃষ্টি যেন ঘুমমগ্ন রাত্রির শিয়রে।
এ প্রশান্ত লগ্ন থেকে এমন সুরের আবির্ভাব ঃ
নেকার নদীর স্রোত এখন বহে না দূরে আর।
নীরব তারার-গাড়ি সম্মুখে চলেছে এক মনে,
বাজে না ঘুন্টির শব্দ অবিরাম সেই যাত্রা পথে।
পাহাড়, নিকুঞ্জ, নদী সব আজ নিস্তব্ধ, নীরব।
সমস্ত প্রকৃতি যেন নিমগ্ন ধ্যানের সুগভীর-
হে হৃদয় চুপ করো, দুঃখ ভুলে ঘুমাও কেবল।

## ইকবালের ব্যঙ্গ কবিতা

সত্য গঙ্গোপাধ্যায়

(ক) মেয়েরা এখন পড়িতেছে ইংরাজি,
প্রগতির পথ জাতি পেল সন্ধানে,

দৃষ্টিতে আছে পাশ্চাত্যের পরী,
প্রাচ্যের চাল পাপ বলি মনে জানে।
এই এ নাটক দেখাবে দৃশ্য কোন?
নজর রয়েছে পর্দা ওঠার পানে।

(খ) জেল থেকে এই আয়াৎ নাজিল হল-
গীতায় কোরান কোরানেও গীতা পাই,
কত ভালো হয় মিলিলে বিপ্রে শেখে,
এ না হারে আর ও না জেতে এ লড়াই।
মন্দিরে হিঁদু আগেই বেজার আছে,
মসজিদ জেদী ছাড়ছে না মিয়াঁ ভাই।

(গ) শেখ সাহেবো তো পর্দার কিছু নহেকো হে অনুরাগী,
বৃথাই কলেজ ছোকরারা সবে তাঁর বিরোধিতা করে।
ধর্ম ভাষণে সাফ সাফ তিনি বলে দিয়েছেন কাল-
মরদি যখন আওরত হল
পর্দা কিসের তরে?

(ঘ) পুবের মোদের পশ্চিমে দিল্ আটকেছে, সব দিচ্ছে পাড়ি,
সেথায় চিকন ডিকান্টার আর হেথায় প্রাচীন মটকি হাঁড়ি।
এই জমানায় শেস হবে সব, বাকি কেবল সেই তো রবে
আপন পথে যে রয় কায়েম আর যে আপন জিদ্দি ধারী।
শুনছো গো শেষ শুনছো বামুন শুনছো কি বা বলছে জ্ঞানী
কোথার থেকে নোংরামিরা ফেলল এদের পটকা মারি।
পেয়ার জলসা কায়েম ছিল আর ছিল রীৎ মুহব্বতের,
এখন তর্ক হিন্দী উর্দু হালাল কিংবা ঝটকা ঝাড়ি।

## বেদনার দর্শন

**মনির উদ্‌দীন ইউসুফ**

বিলাস যদিও রাজে জীবনের প্রমত্ত নেশায়,
তবু প্রাণে ক্ষণে ক্ষণে বেদনার বাদল ঘনায়।
বেদনা-উর্মিতে নাচে পুলকিত প্রাণের বুদ্বুদ,
জীবনের সাথে বাঁধা বেদনার কাহিনী অদ্ভুত।
একটি পণ্যও যদি ঝরে যায়, সে নহে গোলাপ,
বুলবুল সে নয়, যদি শোনে নাই হেমন্ত-বিলাপ।

প্রাণের কাহিনী রাঙা প্রয়াসের দারুণ শোণিতে
পূর্ণতার বাণী আনে যে-প্রয়াস মানব-সঙ্গীতে।

ব্যথার কাজলে দৃষ্টি মনোমাঝে প্রদীপ জ্বালায়,
'আহার' মুকুরে ফোটে প্রাণ চিত্র পূর্ণ মহিমায়।
দুঃখের ঘটনারাজি মানুষ পূর্ণতা করে দান,
হৃদয়-মুকুরে দুঃখ ফুটে উঠে সজ্জার সমান।
স্বপনের সুখ হতে যৌবনের জাগায় বেদনা,
ইহারি আঘাতে জাগে মনোবীণে সঙ্গীত-কামনা।
প্রাণ-পক্ষী তরে ব্যথা মেলে-দেওয়া শক্ত ডানা তার,
রহস্যে অদৃশ্য প্রাণ রূপ ধরে পরশে ব্যথার।
বেদনা বেদনা নহে-অন্তরের নীরব সঙ্গীত,
অস্তিত্বের বীণাতারে সুপ্ত এক অনুপম গীত।

'হে প্রভু, ক্রন্দন সাথে সন্ধ্যা যার নহে পরিচিত,
রজনী গভীর যার অশ্রুজলে নহে তারকিত,
হৃদয়ের পাত্র যার ভাঙেনিক কোনদিন দুখে,
যে রয়েছে চিরকাল মদমত্ত মদিরায় সুখে,
যে মালীর হাতে কভু বিঁধে নাই গোলাপের কাঁটা,
যে প্রেমিক কাঁদে নাই বিচ্ছেদের কান্না বুক ফাটা
বেদনার দুঃখ হতে যে রয়েছে যতখানি দূরে,
জীবন-রহস্য হতে রয়েছে সে ততই সুদূরে।
জানিতে চাও হে যদি পরিচয় বিশ্ব-বিধানের,
বেদনা-মঞ্জিল কেন আজো নয় লক্ষ্য তোমাদের!

অনন্তের আদি আর অনাদির শেষ কথা প্রেম,
নশ্বর মানব-বুদ্ধি, চিরঞ্জীব এই মহা প্রেম!
প্রেমের সূর্যাস্ত-রাগ মৃত্যু-সন্ধ্যা লাজে নতমুখী,
প্রেমের জ্বলনে দীপ্ত জীবন এ, যবে ভস্মমুখী।
প্রিয়ের বিরহ-ব্যথা মর্মে যদি না তুলিত ঢেউ,
প্রেমের উদ্দীপ্তি তবে চোখেমুখে দেখিত না কেউ।
সত্য প্রেম মরেনাক প্রিয় যদি মরে যায় কভু,
বিরহ-বেদনা হয়ে প্রেমিকের বুকে জাগে তবু।
চিরন্তন প্রেমে হয় প্রেমপাত্র অজর অমর,
মৃত্যুঞ্জয়ী রূপ ফোটে মধুর সে জীবনের পর।
পর্বত-ললাটে হতে আসে নদী সঙ্গীত ছড়িয়ে,
আকাশ-বিহঙ্গদেরে গীতিকার পাঠ দিয়ে দিয়ে।
হুরের আনন সম স্বচ্ছ তার জলের মুকুর,
পাষাণ চত্বরে পড়ি হয়ে যায় একেবারে চূর।

সহসা সচল ধারা হয় কোটি কোটি মুক্তাদল,
শূন্যপথে যেন তারা দীপ্তিমান তারকা সকল।
ফাটিয়া পারদ স্রোত ব্যাকুলিত হয় দিকে দিকে,
অসংখ্য বিন্দুর দল ক্ষিপ্ত হয়ে ছড়ায় চৌদিকে।
কিন্তু এই কণাদের পরস্পর বিচ্ছেদের মাঝে,
মিলনের শিক্ষা আছে, তাই পুনঃ যুক্তি হয়ে রাজে।
জীবনের স্রোত স্বর্গে এই মত ছিল এক হয়ে,
পতনে বিচ্ছিন্ন আজ কাঁদিতেছে জগৎ আলয়ে ঃ
"ভালবেসে এক হব বলে মোরা পৃথক হয়েছি,
বিচ্ছেদের সত্য বলে মিছামিছি ভাবিতে শিখেছি।"

পরলোকগত জন বিনিঃশেষে হয় না বিলীন,
মোদের জীবন হতে মুছেনাক তাহাদের চিন।
দুনিয়ার মোহে হয় বন্দী এই বিবেক যখন,
কিংবা তারে ঢেকে রাখে যৌবনের বিকৃত স্বপন ঃ
শোনা যায় মনে শুধু ভালমন্দ সংগ্রাম-চীৎকার
বিভ্রান্তি-আঁধার মাঝে পথ নাহি দেখা যায় আর,
সাহস আকাঙ্ক্ষা ভীড়ে খুঁজে ফিরে নিরালা ভবন,
কল্পনাটায় পাখা, থেমে যায় সঙ্গীত যখন,
অস্তিত্ব মরুর বুকে বিজনতা ব্যাপে সর্বলোক,
নিরন্ধ্র আঁধার মাঝে জোনাকিও দেয় না আলোক,
পরলোকগত কোন প্রিয়জন-আনন তখন,
নিশুতি তামসী রাতে ফুটে উঠে চাঁদের মতন।

## প্রেম

মুহাম্মদ ঈসা শাহেদী

যে বুদ্ধির একটি নির্ভীক বালক জ্বালিয়ে দেয় পৃথিবী
প্রেমের কাছেই শিক্ষা নেয় সে বিশ্বজয়ের নিয়ম-বিধি।
প্রেমই তোমার প্রাণে যে কোন ভাবের উন্মেষ ঘটায়
রূমীর উন্মত্ততা হতে ফারাবীর বিস্ময়। সবকিছুই
প্রাণ-সঞ্জিবনী এ কথাটি বলছি, তাতে আমি আনন্দে উদ্বেলিত
এসব দুঃখ চিন্তা সত্ত্বেও প্রেমের মাঝেই অন্তর
শান্তির সন্ধান পায়,
সকল জটিল অর্থ ঠাঁই পায় না ভাষার বুকে
ক্ষণিকের জন্যে অন্তরের সাথে একাত্ম হও
হয়ত তুমি বুঝবে।

# উট চলার গান

(মূল ছন্দের অনুসরণে)

গোলাম মোস্তফা

ওরে পথিক উট আমার-
তাতার হরিণ ক্ষিপ্রতার;
তুই দিরহাম, তুই দিনার-
কম-বেশী হয় হোক না তার,
জীবন্ত দান তুই খোদার!
জোর কদমে চলরে ফের।
দূর নহে পথ মঞ্জিলের।!

দিলরুবা তুই রূপ-মধুর,
তোর তরে মোর প্রাণ-বিধুর;
পাগল করা তুই যে হুর-
লায়লা সে তোর ঈর্ষাতুর।
মাঠের মেয়ে পায় নূপুর।
জোর-কদমে চলরে ফের।
দূর নহে পথ মঞ্জিলের।।

প্রখর যখন রবির কর
মরুর বুকে ঝাঁপিয়ে পড়
চন্দ্রা-রাতে হে সুন্দর।
উল্কা বেগে নিরন্তর
সম্মুখে হও অগ্রসর।
জোর-কদমে চলরে ফের।
দূর নহে পথ মঞ্জিলের।।

উড়ন্ত মেঘ আসমানের,
পাল হারা নাও সমুদ্রের,
খিজির তুমি জুলমাতের,
ভয় করো না সংকটের-
রাত-প্রদীপ যাত্রীদের।
জোর-কদমে চলরে ফের।
দূর নহে পথ মঞ্জিলের।।

এয়মনে রও সাঁঝ বেলায়,
করণ-দেশে রাত পোহায়,
পথের ধূলি মূর্ছা যায়-

যুঁই হয়ে সব পায় লুটায়।
চল্‌রে চীনের হরিণ প্রায়,
জোর-কদমে চলরে ফের।
দূর নহে পথ মঞ্জিলের।।

চাঁদের সফর খতম প্রায়-
টিলার ধারে মুখ লুকায়,
প্রভাত হেসে ওই তাকায়-
রাতের পিরহান নাইকো গায়,
করছে সেবন মাঠের বায়!
জোর-কদমে চলরে ফের।
দূর নহে পথ মঞ্জিলের।।

আমার বীণার এই যে তান
পাগল করে সবার প্রাণ;
ঘন্টাধ্বনি এই যে গান
হয় এতে মুশ্‌কিল আসান।
কাবার পথে তোল নিশান্‌-
জোর কদমে চলরে ফের।
দূর নহে পথ মঞ্জিলের।।

## আল্লাহর রাজত্ব

মুহাম্মদ ঈসা শাহেদী

আন্দালুসের উপকূলে তারেক
যখন জাহাজ জ্বালিয়ে দিল
লোকেরা বলল, বুদ্ধির বিচারে
তোমার কাজটি বড় ভুল হল।
স্বদেশ হতে পড়ে আছি দূরে
কিভাবে ফিরব আবার
উপায় সহায় পরিত্যাগ করা
জীবনের কোন বিধান বলো
মৃদু হেসে তরবারীর তাপ স্পর্শ করলেন
আর ঘোষণা দিলেন
আটক নয় আমাদের পৃথিবী কোন দেশে
খোদার দুনিয়া জুড়েই তো আমাদের ঘর

## মরদে মুসলমান

গোলাম মোস্তফা

মুমিন যে-তার গৌরবেতে পূর্ণ প্রতিক্ষণ
কথায়-কাজে সে হ'ল ভাই খুদার নিদর্শন।
শৌর্য ক্ষমা পবিত্রতা-শ্রেষ্ঠত্বের জ্ঞান–
এ চার চিজেই তৈরী হ'ল মুমিন মুসলমান।
মাটির মানুষ সে, তবু তার হাম্‌ছায়া জিব্‌রিল্
বোখারা বা বদখ্‌শানে মজে না তার দিল্।
ভেদের কথা কেউ জানে না ঃ মুমিন মুসলমান
প্রকাশ্যে সে 'কারী'-কিন্তু আসলে কুর-আন্।
মুমিনের যা ইরাদা-তা খুদার ইরাদাই
দুনিয়াতে মিজান সে ভাই–কিয়ামতেও তাই।
লালাফুলের বুকের পরে স্নিগ্ধ সে শবনাম
সাগর-বুকে সেই সে আবার তরঙ্গ উদ্দাম।
বিশ্ববীণার তারে তারে বাজে তাহার সুর
'আর্-রহ্‌মান্' সূরা যেমন ছন্দে সুমধুর!

অনেক তারা আছে আমার ধ্যানের আলোকায়
বেছে নিও যেথায় যেমন মন তোমাদের চায়।

## হে মুহম্মদ (সাঃ)-এর আত্মা!

মনির উদ্‌দীন ইউসুফ

বিনষ্ট হয়েছে কবে মুসলিমের একতা-বন্ধন,
বল আজ মুসলমান কোন্ পথে করিবে গমন?
বেদনার স্বাদ আর নাহি মত্ত আরব সাগরে,
গোপন এ ঝঞ্ঝা মোর বল, যাবে কোন্ পথ ধরে?
কাফেলা ছাড়িয়ে গেছে, পাথেয় ফুরাল তাও হায়,
এখন এ মরু হতে হুদীখান বল, কোথা যায়?
সমস্যা এ সমাধান কর প্রিয় আত্মা রসূলের,
কোরান বুকেতে যার, কোথা আজ লক্ষ্য তাহাদের?

## খুদী ও মিল্লাত

গোলাম মোস্তফা

রহমৎ সে-মিল যদি হয় খুদীর সাথে মিল্লাতের
মিল্লাতেতেই সার্থকতা খুদীর আপন জওহরের।

জামাত সাথে মিল রাখ তাই যে-তক তোমার সাধ্য হয়,
আযাদ মুসলমানের শোভা এই মিলনেই–সে নিশ্চয়।
মুহম্মদের বাণী শোনো-যাদুর কালাম জিন্দিগীর;
শয়তান সে জামাত দেখে পালায় দূরে–নোয়ায় শির।
ব্যক্তি এবং সমাজ এরা পরস্পরের আর্শি ভাই,
ছায়াপথের তারার মত একই সাথে রয় সবাই।
ব্যক্তি লভে সমাজ থেকেই আসন তাহার মর্যাদার,
সমাজ লভে ব্যক্তি থেকেই শৃঙ্খলা ও শক্তি তার।
ব্যক্তি যখন সমাজ মাঝে গুম হয়ে যায়–বিলায় প্রাণ,
সিন্ধু-মাঝে বিন্দু সম হয় সে বিশাল শক্তিমান।
অতীত দিনের কীর্তিমালা রক্ষা করে এই সমাজ,
অতীত এবং ভবিষ্যতের মুখ দেখা যায় এর-ই মাঝ।
অতীত এবং ভবিষ্যতের মিলন ঘটে মিল্লাতে,
ইবতিদা ও ইনতিহা-হীন রয় সে আবাদ তাই তাতে।
মিল্লাতই দেয় খুদীর মনে নূতন আশার স্বপ্ন সাধ,
খুদীর কাজের জবাবদিহি মিল্লাতই লয় যে নির্ঘাত।
দেহ এবং আত্মা তাহার মিল্লাতেতেই পুষ্ট হয়,
জাহির-বাতিন কিছুই তাহার কওম থেকে ভিন্ন নয়।
কওমেরই ভাষায় খুদী জানায় তাহার মনের ভাব,
পথ চলো সে লক্ষ্য করি বাপ-দাদাদের পায়ের ছাপ।
কওমেরই সংবেদনে ব্যক্তি লভে কুয়ৎ-বল,
ব্যক্তি এবং কওম তখন এক হয়ে যায়-রয় অটল।
ব্যক্তি নিজে মজবুত হয় সমষ্টিরই মাঝখানে,
সমষ্টি-সেও পুষ্টি লভে ব্যক্তিত্বের কল্যাণে।
ছন্দে-গাঁথা কাব্য হতে শব্দ যদি বেরিয়ে যায়,
ভাব-ভাষা তার থাকে কি আর-অর্থ কিছুই হয় কি তায়?
শাখা হতে সবুজ পাতার দল যদি হয় ছিন্নমূল
সেই বাগিচায় ফুল-ফাগুনে বসন্ত কি ফোটায় ফুল?
জামাতের জমজমের পানি পান করেনি কণ্ঠ যার
সুরের আগুন নিভবে তাহার-বাজবে না আর বীণার তার। (অসমাপ্ত)

## শিশুর প্রার্থনা

সত্য গঙ্গোপাধ্যায়

প্রার্থনা হয়ে আসিতেছে মুখে যাহা কিছু আমি চাই,
হে খোদা আমার জিন্দেগী হোক শমাসম রোশনাই।

এ দুনিয়া থেকে আমার দমেতে আঁধিয়ার হটে যাক,
যত ঠাঁই আছে সব ঠাঁই মোর চমকেতে চমকাক।
হোক গৌরব আমার দমেতে মোর এই স্বদেশের,
ফুলের কারণে যথা গৌরব হয় ফুল বাগানের।
পরোয়ানা-প্রেম সম ইয়া রব হোক মোর এ জীবন,
জ্ঞানের শমার সেন ইয়া রব হোক প্রেম বন্ধন।
দরিদ্র যারা, মোর কাজ হোক তাহাদের হিমায়ত
দরদীর নে বিজ্ঞের সনে হোক না মুহব্বৎ।
যা কিছু খারাপ, আল্লাহ, তা থেকে রেখো গো বাঁচিয়ে মোরে,
যে পথ পুণ্য সেই পথে মোদের নিওগো চালনা ক'রে।

## কয়লা ও হীরক

গোলাম মোস্তফা

এবার খুল্‌ব আর একটি সত্যের দ্বার
বল্‌ব তোমায় একটি নূতন কাহিনী।
খনির ভিতর থেকে কয়লা বলল হীরককে ঃ
ওগো চিরজ্যোতির্ময় বন্ধু আমার,
আমাদের সত্তা এক;
একই উৎস-মূল থেকে বেরিয়েছি আমরা দু'জনে, (অসমাপ্ত)

## ইকবালের স্বর্ণখণ্ড

মতিউর রহমান মল্লিক

❑ হে খোদা মোর প্রার্থনা এই
তোমার দুয়ারে
খুব সাধারণ অন্তর চোখ
দাওগো আমারে
দৃষ্টিশক্তি দাওগো প্রভু
ভাগ্যাহত মানুষদের
দেখেছি হায় এই আমি যা
দাও দেখিয়ে তা তাদের

❑ একটি মাত্র দিন-রজনীর
সফল বিজয় এলে
ডুব দিও না ভোগ-বিলাসে
দায়-দায়িত্ব ফেলে
সামনে অনেক মনজিল আছে

অনেক যুগ যে আর
সব করতলগত করার
আয়ত্তে আনবার

❑ প্রেম-দুয়ারে নীড় বাঁধো হে
তৈরী করো যুগ নবীন
সৃষ্টি করো নতুন সকাল
নতুন সন্ধ্যা ক্লান্তিহীন
❑ দেখেছো কি চিন্তা করে
হে মুসলমান নওজোয়ান
কোন্ আকাশের বিচ্ছুরিত
তারা তুমি জ্যোতিষ্মান

❑ সব কাফেরই যুদ্ধ করে
ভরসা তার তলোয়ার
মোমিন সে তো ঝাঁপিয়ে পড়ে
হোক না খালি হাত তাহার।

❑ একটি লক্ষ্য যায় হারিয়ে
যদি কভুও
পায় না যেন নাগাল হুতাশ
তোমার তবুও
আরো আছে শত উপায়
শত উপাদান
ঘুরছে আজো কালের চাকা
সময় অফুরান।

## আশার ঝিলিক

নেয়ামাল বাসির

সূর্য তার আলোক-ছটাকে সুসংবাদ জানিয়ে বলছে ;
'অদ্ভুত' এই বিশ্ব, কখনো সকাল, কখনো সন্ধ্যে!
নভোমণ্ডলের বিস্তৃতিতে তুমি ছড়ায়ে রয়েছ
        এক যুগ ধরে,
যুগের কৃতজ্ঞতাও বেড়ে চলেছে অস্বাভাবিকভাবে।
বালুকণায় ঝিলমিলিয়ে উঠেছে কতবার, তবু আরাম পাওনি,
শান্তি পাওনি ভোরের বাতাসের মতন গোলাপের
        পাপড়িতে বিচরণ করে।

অতএব কুঞ্জবন ছেড়ে দাও, ছেড়ে দাও মাঠ,
দুর্গ-তোরণ অট্টালিকা,
আমার হৃদয়ের অগ্নিগর্ভে আত্মগোপন কর।

দুই. আকাশের উপত্যকায় সূর্যের কত আলোক-ছটা
বিচ্ছিন্ন সূর্যের অঙ্গ-প্রত্যঙ্গের এ যেন কোলাকুলি।
বলছে 'পশ্চিম' কখনো পাবে না এ আলোক-ছটা,
কারণ, ফিরিঙ্গীদের মেশিনের ধোঁয়ায় সেখানের
আকাশ আচ্ছন্ন।
'পূর্ব' যদিও দৃষ্টিভঙ্গির স্বচ্ছতা থেকে বঞ্চিত নয়,
কিন্তু তার তৌহীদের বিশ্বও তো কই মুখর নয়, মৌন।
হে সূর্য! আমাদের বিস্মৃত হয়ো না তুমি!
তোমার হৃদয়ের অগ্নিগর্ভে আমাদের লুকিয়ে নাও।। [যরবে কলীম]

## প্রার্থনা

আবদুল কাদির

এই মোর ওজু, এই নামায আমার,
মোর সঙ্গীতের সুরে আছে মোর হৃদয়-শোণিত।
পুণ্যাত্মা সূফীর সঙ্গ, সে যে স্বর্গসুখ,
দিব্যজ্যোতিঃ, সাযুজ্য পরম।
নির্ঝরের পাশে ফুল্ল লালা যথা স্ফূর্তপ্রাণ,
আনন্দ-বিহ্বল।
প্রেম-সরণিতে কারো সঙ্গী কেহ নয়;
রয়েছে আমার সাথে শুধু মোর বাসনা উদ্দাম।
নৃপ কিংবা সামন্তের সিংহাসনে স্থান মোর নহে—
তুমি মোর নীড়, মোর নীড়ের আশ্রয়-শাখা তুমি।

তব প্রেম-ছিন্ন মন বক্ষোবাস
প্রলয় উষায় মুক্ত দিগ্বলয়-সম;
তব তরে 'আল্লাহু'র অগ্নি জ্বলে আমার অন্তরে।
তব তবে এ জীবন অগ্নিময়, ব্যথাদীর্ণ,
বেদনা-বিক্ষত;
আমার কামনা তুমি, ধ্রুবলক্ষ্য মোর।

তুমি না থাকিলে কাছে, মোর শহর বিরান;
তুমি যদি থাক, পূর্ণ উজাড়-মহল,
মুখরিত বিজন-বসতি।

আমার অধরে দাও পুনঃ সেই পুরাতন সুরা;
মোর পানপাত্র ভেঙ্গে আমি
সে-সুরের করি অন্বেষণ।
সংসারী ও সন্ন্যাসীর করপাত্র বহুকাল শূন্য প্রতীক্ষায়;
দৃষ্টিসুধা দাও সাকী, কৃপা করো তাহাদের পরে।

তব 'খুদায়ী'র কাছে প্রমত্ত মনের মম এই অভিযোগ–
তুমি ব্যপ্ত অসীমায়, আমি বন্দী সীমার বাঁধনে।

কামনার যেই বাণী অপরোক্ষ নাহি যায় বলা,
দর্শন ও কবিতার সত্য নয় ব্যতিক্রম তারা।

## কবি ইকবালের শেষ কবিতা

শ্রীমণীন্দ্র দত্ত

ধার্মিকজন মোমিন মানুষ তাঁহার কাহিনী শোন,
বলিতেছি শোন তাঁর পরিশ্রম লিপি ঃ
মরণ যেদিন তাঁহার দুয়ারে বাজাবে রুদ্র বাঁশী
মোমিন তাহারে হাসিমুখে নিবে করি'।

অতীতের সুর আবার বাজিবে,
হয়তো বাজিবে নাকো!
হেজাজের বায়ু তুলিবে শিহর।
হয়তো তুলিবে নাকো!
এই যে ফকির দূর-দরবেশ তাঁহার জীবন-দিন,
আজিকে তাঁহার চির-অবসান হল।
তারপরে এই জীবন-ধেয়ানী রহস্যজ্ঞানী জন
হয়তো আসিবে এই ধরণীর ঘরে;
কে জানে সে কথা বল?
চলে-যাওয়া-জন হয়তো আসিবে না কো!

## সহগামীদের খেদমতে

গোলাম সামদানী কোরায়শী

এসো, আবার সবাই মিলে
কাজ করি এই জাতির তরে,
এই জীবনের জুয়ার বাজি
ধরি আবার সাহস করে।

লও শহরের মসজিদেতে
এমন করে কাঁদবো সবাই,
মুল্লাদের ওই পাষাণ হৃদয়
বিগলে যেনো অশ্রু ঝরে।

এক. বে-পরওয়া যে বাজের রাজা
সেই তো ঘুরে সকল আকাশ,
কাঁপায় সকল মীনার চূড়া
ঝড় যেনো ওর পাখার বাতাস।
দূর নীলিমার উদার বুকে,
শিকার করে মনের সুখে,
আগলে সেতো রয় না শুধু
বনের শাখায় নিজের আবাস।

ছড়ায় আমার প্রাণের বীণা
'আল্লাহু'র ঐ সুরের রতন,
যেমন ধরার ওড়না আকাশ
ঝরায় ধূলি আলোর মতন।
গ্রহণ করো মোর সে বীণা,
তার ভরে যার করুণ সুরে,
হৃদয়জ্বালায় আমার চোখে
ঘনায় যবে আঁসুর পতন। (অসমাপ্ত)

## ফেরেশতাদের গীত

তালিম হোসেন

বুদ্ধি আজিও বল্লাহীন,
প্রেমের বসতি শূন্যে লীন,
সুচিরকালের হে রূপকার।
সৃষ্টি তোমার আজিও দীন।।

রক্ষণশীল অথবা যার
আছে প্রগতির অহঙ্কার–
শোষণ-ক্ষেত্রে সব সমান
পীর ও আমীর এক কাতার।।

সাঁঝ-সকালের আবর্তন
প্রাচীন ধারারই অনুসরণ
দুনিয়াতে পরিবর্তনের
আজও নাই কোন নিদর্শন।।

ধনবান ধন-মদে মাতাল
তার পৃথিবীতে রুদ্ধ কাল,
বিষয়-বিবাগী ফকিরীতে
আপনা-বিভোল, মস্তী হাল।।

পথে পথে ফেরে নিঃসম্বল
আজিও খোদার বান্দা দল,
পুঁজির মালিক আজো গড়ে
আকাশচুম্বী রং-মহল।।

আজিও মানুষ জানে না হায়
প্রেম-প্রোজ্বল কী মহিমায়,
কোন্ আগুনে সে জিন্দেগীর
শত বাধা-বন্ধন জ্বালায়।।

প্রেম জীবনের সত্য, আর
দুর্জয় খুদী প্রেমের সার-
খাপে ঢাকা আজো এ সত্যের
বন্ধ-ছেদন সে তল্‌ওয়ার।।

## তারানা-ই-মিল্লি

(জাতীয় সঙ্গীত)

গোলাম মোস্তফা

আরব আমার, চীনও আমার, পর নহে সেও হিন্দুস্তান।
মুসলিম আমি বিশ্ব-প্রেমিক, ওতান্ আমার সারা-জাহান।।
আমার সিনায় লুকানো রয়েছে পাক আমানত তৌহিদের।
হিম্মত কার দুনিয়া হইতে মিটায় আমার নাম-নিশান।।
এই দুনিয়ার বুৎখানা তলে আমারি প্রথম খুদার ঘর
আমি আছি তার পাসবান আর আমার পরেও সে পাসবান।।
তেগের ছায়ায় লালিত হইয়া বড় হইয়াছি আমি যে ভাই
আল-হিলালের খঞ্জর তাই আমার কওমী পাক-নিশান।।
আমার আযান ধ্বনিছে আজিও দূর-দিগন্তে মাগরিবের
থামেনি আমার গতি কোথাও-চির-দুর্বার শক্তিমান।
আস্‌মান, বল, মিথ্যা-বাতিলে আমি কি কখনো করেছি ডর?
যুগ যুগ ধরি শতবার করে হয়েছে আমার ইম্‌তিহান।।
সে-দিনের কথা মনে আছে কি গো আন্দালুসের হে গুলবাগ,
যে-দিন তোমার শাখায় শাখায় বাসা বেঁধে মোরা গাহিনু গান।।

দজ্‌লার ঢেউ, তোমার সাথেও চির-পরিচয় রয়েছে মোর
মোর কাহিনীর ঝংকারে আজো তোমার দরিয়া স্পন্দমান।।
হে পাক-যমীন, তোমার শিরায় আজো বহিতেছে মোদের খুন
জান্‌ দিছি মোরা তোমার লাগিয়া রাখিতে তোমার মহিমা-মান।।
এই কারোয়াঁর সিপাহ্‌-সালার আমার পিয়ারা নবী-করিম
যাঁহার নামের স্পর্শে আমার শীতল হয় যে দিল্‌ ও জান।।
উটের গলার ঘন্টা-ধ্বনি এই তারানা সে ইক্‌বালের
চলেছে আবার কাফেলা আমার-মুয়াজ্জিনের শোন্‌ আযান্‌।।

## লা-ইলাহা ইল্লাল্লাহ

আবদুল মান্নান তালিব

খুদীর গোপন রহস্য লা-ইলাহা ইল্লাল্লাহ
খুদী তরবারি শানপ্রস্তর তার লা-ইলাহা ইল্লাল্লাহ।
এ যুগ সন্ধানে ফেরে তার ইবরাহীমের
সারাটা দুনিয়া হলো বুতখানা লা-ইলাহা ইল্লাল্লাহ।
সওদা করেছো তুমি আত্ম-অহংকারের
লাভ-ক্ষতির প্রবঞ্চনা লা-ইলাহা ইল্লাল্লাহ
পার্থিব ধন-সম্পদ এই সম্পর্ক আত্মীয়তা
সন্দেহ-সংশয়ের বুত এরা লা-ইলাহা ইল্লাল্লাহ।
স্থান-কালের উপনীত হয়েছে প্রজ্ঞা
অথচ স্থান-কাল অস্তিত্বহীন লা-ইলাহা ইল্লাল্লাহ।
গুল্‌ ও লালা'র ঋতুর মুখাপেক্ষী নয় এ গীত
শীত ও বসন্ত সবেতেই লা-ইলাহা ইল্লাল্লাহ।
জামাতের আস্তিনে যদিও মূর্তি সংগোপনে
রয়েছে লুকিয়ে
প্রচারের নির্দেশ তবু আমার প্রতি
লা-ইলাহা ইল্লাল্লাহ।

## জাবিদনামা

আমিনুল ইসলাম

এক. জীবন ক্ষণস্থায়ী এবং চিরস্থায়ী উভয়ই,
সৃষ্টি-প্রতিভা আর ঔৎসুক্যই এর সব কিছু।

তুমি জীবন্ত? তবে উৎসুক হও, সৃষ্টিধর্মী হও;–
আমার মতো সারা জগতকে জয় করো।
যা প্রতিকূল তা ধ্বংস করে দাও,
তোমার অন্তর থেকে জগৎ সৃষ্টি করো।

অপরের গড়া পৃথিবীতে জীবনযাপন–
স্বাধীনচেতা মানুষের কাছে তা অতীব দুরূহ।

দুই. আন্তরিকতার নীতিকে সুদৃঢ়ভাবে ধারণ করো,
সুলতান ও আমীরের ভয় থেকে নিজেকে পবিত্র করো।

ক্রোধে বা আনন্দে কখনো ত্যাগ করো না বিচারবোধ,–
দারিদ্র্যে অথবা সম্পদে কখনো ভুলে যেয়ো না তাকে।
দেহ মনের পরিপূর্ণ সংরক্ষণ বিনা
পরম ক্ষমতা লাভ সম্ভব হয় না।
ওড়ার আনন্দ বিনা জীবন কিছুই নয়,–
নীড় নয় তার প্রকৃতির অনুকূল।

ধর্মের পথে হীরকের মতো কঠোর হয়ে বেঁচে থাকো–
দিলকে আল্লাহ্র দিকে রাখো,
সন্দেহ বর্জন করে বেঁচে থাকো।

## পর্দানশীন মুসলিম নারীদের প্রতি ভাষণ

আ.ফ.ম. আবদুল হক ফরিদী

ওগো আবরণ যার রক্ষা করে আবরু মোদের,
দীপ্তি তোমার মূলধন বটে ফানুসে মোদের।
নির্মল তব পুণ্য স্বভাব মোদের বর,
ধর্মের বল, জাতির ভিত্তি শক্তিধর।
যবে সন্তান তব দুগ্ধে ওষ্ঠ সিক্ত করে,
লা-ইলাহা কলেমা প্রথম শিক্ষা করে।
তোমার স্নেহ গঠন করে স্বভাব মোদের
চিন্তা মোদের, বাক্য মোদের, কার্য মোদের।
যে বিজলী মোদের জ্বলছে তব সুপ্ত রয়,
পর্বতে জ্বলি' বন-প্রান্তর দীপ্ত হয়।
খুদার বিধান-আশীষ-রক্ষী, ওহে আমীন,
নিঃশ্বাসে তব দীপ্তি লভে সত্য দীন।
আজকের যুগ বঞ্চনাময় অহংকারী,
যাত্রী উহার ধর্মের ধন লুণ্ঠনকারী।
অন্ধ, চেনে না খুদাকে কভু সংবিৎ তার,
নগণ্য সব, বন্দী জটিল শৃঙখলে তার।
ধৃষ্ট নয়ন, তীক্ষ্নদৃষ্টি বেপরোয়া তার,
শিকার-দক্ষ অতিশয় আঁখি-পদ্ম তার।
শিকার তাহার স্বাধীনগণে সত্তা আপন,

যিন্দাগণে নিহত জনও সত্তা আপন
জাতির ঐক্য-ক্ষেত্রে পানির আইল তুমি,
মিল্লাতেরই মূল ধনরাশি-রক্ষী তুমি।
লাভ ও ক্ষতি খতিয়ে সওদা করো না তুমি,
পূর্বপুরুষ-পন্থা ছেড়ে' চলো না তুমি।
কালের কুটিল চক্র হতে সাবধান হও,
সন্তানে স্বীয় বক্ষপুটের আশ্রয়ে লও।
এ সব কুঞ্জ–ছানার আজো খোলেনি পাখা,
অসহায় দূরে রয়েছে ছেড়ে' নীড়ের শাখা।
আকাশ-চুম্বী বাসনা রাখে স্বভাব তব।
রেখ শ্রেষ্ঠ নারী যাহ্‌রা 'পরে দৃষ্টি তব।
হুসায়ন সম ফল ধরে যেন শাখায় তব,
হবে প্রাচীন পুষ্প-ফলেতে ধন্য কুঞ্জ তব।

## তওহীদ তত্ত্ব

আবদুল মান্নান তালিব

কথায় প্রকাশ করা যায় তওহীদের গভীর তত্ত্ব
কিন্তু তোমার মগজে থাকে যদি মূর্তিমন্দির
তাহলে বলার কিছু নেই।
যে প্রেমাগ্নির রহস্য সমাহিত লা-ইলাহার বুকে
শায়খ্‌ যদি ফকীহদের পথাশ্রয়ী হয়
তাহলে বলার কিছু নেই।
যে আনন্দ উজ্জীবিত হক ও বাতিলের সংঘাতে
যুদ্ধ ও আঘাতের সাথে থাকে যদি অপরিচিতি
তাহলে বলার কিছু নেই।
পৃথিবীতে আজাদ বান্দার দেখার আছে বহু
কিন্তু গোলামীর দৃষ্টি যদি লাভ করো তুমি
তাহলে বলার কিছু নেই।
ফকিরী বুলন্দ কতো বাদশাহী থেকে
কিন্তু কারোর প্রকৃতি যদি ভিক্ষাবৃত্তি হয়
তাহলে বলার কিছু নেই।

## গজল

সৈয়দ আলী আশরাফ

করকোজ্জ্বল চুলের বিভাকে কর উজ্জ্বল দীপ্ততর,
চেতনাবুদ্ধি লক্ষ্যবিদ্ধ, হৃদয়, দৃষ্টি হরণ কর।

প্রেমের শোভাও যবনিকা-ঢাকা, সুন্দরতম নেকাব-তলে,
হয় দ্যুতিমান হওগো এবার অথবা আমারে প্রকাশ কর।
অনন্ত তুমি সৃষ্টিব্যাপ্ত আমি তো ক্ষুদ্র নির্ঝরিণী,
তোমাতে মেশার শুভযোগ দাও, অথবা অকূলে ক্ষেপণ কর
আমি তো শুক্তি, তোমারই হস্তে মম মুক্তার আব্রু-মান,
আমি কঙ্কর, তুমিই আমাকে অমূল্য রাজ-রত্ন কর।
নববসন্ত সুর-ঝংকার যদি না আমার কপালে লেখা,
এ তপ্ত শ্বাসবায়ুকে এবার বসন্তসখা পক্ষী কর।
কেন দিয়েছিলে বেহেশ্‌ত্‌ বাগের বাহিরে সফর হুকুম-নামা?
দুনিয়া-কর্ম দূর-প্রশস্ত, অপেক্ষা তুমি এখন কর।
বিচারের দিনে সামনে আমার আনবে যখন আমল নামা
লজ্জা তো পাবে আপনিই তুমি, লজ্জিত আরো
আমারে কর।

## শিশির ও তারকা

মীজানুর রহমান

আঁধার রাতে বললে তারা শিশির-কণায় ডাকি ঃ
"রোজ সকালে নিত্য-নতুন দৃশ্য দেখ নাকি!
কিন্তু তোমার নাই কো জানা বিশ্ব বেশুমার,
দেখুন চোখে, জন্ম নিয়ে বনলো নিরাকার।
জোহরা বলে মালাক থেকে শুনছে খবর সেরা,
ফালাক থেকে বহুৎ দূরে মানুষ আকার ডেরা।
বলবে ভায়া, বাঞ্ছিত অই আজীব দেশের বাণী
চন্দ্র নিতি গাইছে যাহারা প্রেমের রিনিঝিনি।"
বললে শিশির, "হে তারকা! করো না জিজ্ঞাসা,
গুল বাগিচা নয় দুনিয়া বেদন-ব্যথার বাসা।
দখনে হাওয়া ঝুরঝুরে তায় ব্যর্থ হয়ে ফেরে।
ফুল কলিরা ফুটিছে বটে, মরণ তাদের ঘিরে।
বলবো কী সে কলির কথা কুসুম-কানন আলা।
ছোট্ট যেন আলোর শিখা বিজুলী-বিভাস ঢালা!
কিন্তু আহা! কুল বঁধুরা চায় না বিহগ-তান,
আঁচল ভরা মুক্ত আমার অনাদৃত শান।
আকাশ-চারী মুক্ত বিহগ সেথায় গেরেফতার।
ফুল-বীথিকা কাঁটায় ভরা বালাই চমৎকার।
চুপটি বসে হাসনা-হেনা মুখটি সদা ভার,

দেখতে হৃদে সাধ বেচারীর চোখটি অন্ধকার।
গ্রীষ্ম-চোটে তপ্ত-হৃদি কাঁদছে যে শমশাদ,
বন্দীশালে বন্দী ভটে নামমাত্র আজাদ!"

"হে তারা! তোমায় বলি হৃদয় কাতরানি,
মানুষের রসনা অই উনুনের তাতানী!
শিশির-কণিকা আমি নাহি হেরফের,
বাগানের পরিভাষে 'অশ্রু আকাশের'!
পৃথ্বী পার্শ্বে চন্দ্র ঘোরে নিছক নাদানী,
ভাবছে বোকা মিলবে তাহে দিলের আছানী!
হাওয়ার বুকে বিনির্মিত এই দুনিয়ার ঘর,
বেদন-ব্যথার চিত্র বিরা হাওয়াই পটের পর।"

IQBAL ACADEMY PAKISTAN
Library
29697
LAHORE.

## ঈমান

আ. ফ. ম. আবদুল হক ফরিদী

'লা-ইলাহা ইল্লাল্লাহর' রশ্মি আছে বুকে যতক্ষণ
পারবে সহজে তুমি পিশে যেতে অনায়াসে সকল
ভীতির আক্রমণ।
নিষ্কম্প আত্মার মতো আল্লাহতে বিশ্বাস যার পরিপূর্ণ;
তনুর মাঝারে
হয় না সে নত শির, হয় না সে ত্রস্ত কোন
বিভ্রান্ত শক্তির অহংকারে।
পত্নী আর সন্তুতির মোহ থেকে মুক্ত সেই জন
সংযত, খোদার রাহে পারে সে কোরবানী দিতে
পুত্রকে আপন।
হয়তো সে সঙ্গীহীন, শক্তিমান তবুও সে পূর্ণ
এক বাহিনীর মতো–
মূল্যহীন তার কাছে প্রশ্বাস বায়ুর চেয়ে জিন্দেগানী
মুক্ত, অনাহত।

## তুলুয়ে ইসলাম

মুহাম্মদ রূহুল আমীন খান

ঐতিহাসিক সত্য ইহা মহান বিজয় আসবে ফের
প্রাচ্য ভূমি আসবে পুনঃ কব্জাতলে মুসলিমের।
সত্য ন্যায় ও শুজায়াতের সবক তুমি লও আবার
তোমার শিরে আসবে পুনঃ কুল দুনিয়ার শাসনভার।

(অংশত)

ডঃ আবু সাইদ নূরুদ্দীন রচিত

**মহাকবি ইকবাল**

এ-ই প্রথম বাংলা ভাষায় ইকবালের সম্পূর্ণ জীবনী গ্রন্থ।

সম্ভ্রান্ত লাইব্রেরী থেকে আপনার কপি সংগ্রহ করুন

প্রকাশক

আল্লামা ইকবাল সংসদ

আবদুল ওয়াহিদ

সম্পাদিত

**ইকবালের শ্রেষ্ঠ কবিতা**

আপনার সংগ্রহকে অসম্পূর্ণ রাখবেন কেন?

প্রকাশক

আল্লামা ইকবাল সংসদ

সর্বাধুনিক স্ক্যানিং ও কালার প্রসেস-এর

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ডটপ্লাস লিঃ**

৩২, পুরানা পল্টন (৫ম তলা)

ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৭৪০১

ফ্যাক্স ঃ ৮৮০-৯৫৬৮০৩৭

আল্লামা ইকবাল সংসদ

পত্রিকা পড়ুন ■ পত্রিকায় লিখুন ■ বিজ্ঞাপন দিন

সর্বোত্তম চিকিৎসা সেবা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য

আপনাদের জন্য আমাদের সেবাসমূহ :

- ✔ সার্বক্ষণিক ইমার্জেন্সী ও আউটডোর সার্ভিস
- ✔ অত্যাধুনিক অপারেশন থিয়েটার
- ✔ অত্যাধুনিক ইনকিউবিটর ও ফিটাল মনিটর
- ✔ হেমোডায়ালাইসিস
- ✔ রোগীদের জন্য প্রশস্ত লিফ্‌ট
- ✔ জরুরী এম্বুলেন্স সার্ভিস
- ✔ প্রয়োজনীয় আসবাবপত্রসহ আলো-বাতাসে পরিপূর্ণ প্রশস্ত কেবিন
- ✔ টাইল্‌সযুক্ত এ্যাটাচ্ট বাথরুম
- ✔ কেবিন থেকে সরাসরি ফোন করার সুব্যবস্থা
- ✔ পরিষ্কার-পরিচ্ছন্ন মনোরম পরিবেশ
- ✔ বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা
- ✔ প্রতি তলায় ডাক্তার
- ✔ কার্ড ফোন সার্ভিস
- ✔ নিজস্ব ল্যাবরেটরি
- ✔ ন্যায্য দামে সকল জরুরী ঔষধ সরবরাহ
- ✔ রোগীদের জন্য খাবারের ব্যবস্থা
- ✔ জন্ডিসসহ সকল প্রকার টীকা দানের ব্যবস্থা

স্বল্প খরচে গলব্লাডারসহ বিভিন্ন লেপারোস্কপিক অপারেশনের উত্তম ব্যবস্থা রয়েছে

IBN SINA

# ইবনে সিনা হাসপাতাল

উন্নত চিকিৎসা সেবাই আমাদের অঙ্গীকার

বাড়ি নং ৬৮, রোড নং ১৫/এ ধানমন্ডি আবাসিক এলাকা ফোন : ৮১৯৫১৩,৮১৯৫১৪,৩২৭৯৫৮

মানব সেবায় নিবেদিত ইবনে সিনা ট্রাষ্টের একটি প্রতিষ্ঠান

ডিজাইন, প্রসেস,
কম্পিউটার কম্পোজ,
প্লেট মেকিং,
প্রিন্টিং
এবং
বিজ্ঞাপনের জন্য **ডাইনামিক**-এ আসুন

৪৭/২, আরামবাগ, ঢাকা-১০০০

ফোন ঃ ৪০৫০১৩

গীতিকার সুরকার কবি মতিউর রহমান মল্লিক-এর

**নির্বাচিত প্রবন্ধ**

**এখন বাজারে**

আপনার কপি আজই সংগ্রহ করুন।

**আল আমীন ফাউন্ডেশন**

৩২, শহীদ নজরুল ইসলাম সড়ক, ঢাকা। ফোনঃ ৯৫৫৪২৫৭

সাংবাদিক, কলামিস্ট, গবেষক
জয়নুল আবেদীন-এর দু'টি গ্রন্থ ঃ

- **র এন্ড বাংলাদেশ**
- **পার্বত্য চট্টগ্রাম ঃ স্বরূপ সন্ধান**

আপনার সংগ্রহকে অসম্পূর্ণ রাখবেন কেন?

আপনার যেকোন ছাপার কাজের জন্য আমাদের উপর নির্ভর করতে পারেন

**ক্যান্ডিড এডভারটাইজিং**

**ক্যান্ডিড প্রিন্টিং এন্ড প্যাকেজিং**

অফিস ঃ ইসলাম ম্যানশন, কক্ষ-১৬, ৯/এইচ, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

প্রেস ঃ ১৭৭, ফকিরেরপুল, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৬৪০৯২ অফিস, ৪১৫০২১ বাসা

প্রেস ঃ ৯৩৩৭৯৬১

সৃজনশীল সকল কাজে পারঙ্গম
অভিজ্ঞতা ও দক্ষতায় সমৃদ্ধ
একটি সম্পূর্ণ প্রতিষ্ঠান

**চৌকস**

ডিজাইন
প্রিন্টিং
এডভাইটাইজিং
পাবলিকেশন

চৌকস
chowkash

১৩১ ডিআইটি এক্সটেনশন রোড (৪র্থ তলা)
ঢাকা-১০০০। ফোন ঃ ৪১৯৬৫৪, ৯৩৩৮২৫২

খোন্দকার আবদুল মোমেন

সম্পাদিত সাহিত্য পত্রিকা

**প্রেক্ষণ**

এখন বাজারে

সাংবাদিক, টিভি উপস্থাপক কবি আবদুল হাই শিকদার-এর সাড়া জাগানো

# কবিতীর্থ চুরুলিয়া

**বেরিয়েছে**

আপনার সংগ্রহকে নিঃসন্দেহে সমৃদ্ধ করবে

প্রকাশক ঃ আল-আমীন ফাউন্ডেশন

৩২, শহীদ নজরুল ইসলাম সড়ক, হাটখোলা রোড, ঢাকা, ফোন ঃ ৯৫৫৪২৫৭

---

তরুণ গবেষক মোঃ মাকছুদুর রহমান সম্পাদিত

## মাওলানা মোস্তাফীজুর রহমান ঃ জীবন ও সাহিত্য

আপনার সংগ্রহে আছে কি?

আজই সংগ্রহ করুন।

---

# মণিহার জুয়েলার্স

**খাটি গিনি সোনার তৈরী**

**অলংকারের বিশ্বস্ত প্রতিষ্ঠান**

**(শীতাতপ নিয়ন্ত্রিত)**

**মণিহার জুয়েলার্স**
**MONIHAR JEWLLERS**
৫০ চাঁদনীচক মার্কেট, ঢাকা
ফোন ঃ ৫০৯২৮০, ৫০৮২৫৫, ৮৬১৯১৯।

**নিউ**
**মণিহার জুয়েলার্স**
**MONIHAR JEWLLERS**
৪২,১০৫ চাঁদনীচক মার্কেট,
(২য় তলা) ঢাকা
ফোন ঃ ৫০৩১৮৮, ৫০৯৮৮৬।

# দেশের শীর্ষস্থানীয় ইসলামী ক্যাসেট প্রযোজনা প্রতিষ্ঠান CHP -এর সাম্প্রতিক প্রযোজিত ক্যাসেট—

- বিশ্বের শীর্ষ স্থানীয় অর্থনীতিবিদদের অন্যতম অস্ট্রেলিয়া সরকারের অর্থনৈতিক উপদেষ্টা ব্রাদার আবুল এহসান-এর উপস্থাপনায় "QURAAN TAFSEER PROGRAM" V-1, V-2 - এর ভিডিও ক্যাসেট বেরিয়েছে।
- চট্টগ্রাম প্যারেড ময়দান ও ঢাকা মতিঝিলের ঐতিহাসিক তাফসীরুল কুরআন মাহফিল '৯৭-এর ভিডিও ক্যাসেট বাজারে এসেছে।
- সমাজের হাল চিত্র নিয়ে ইতিমধ্যেই বাজারে এসেছে "তাল বেতাল কেন্দ্রের অনুষ্ঠান"-এর অডিও ক্যাসেট।

## নকল থেকে সাবধান

নতুন ডিজাইনে CHP মনোগ্রাম সম্বলিত ভিডিও ক্যাসেট বক্স দেখে আপনার কপি আজই সংগ্রহ করুন আমাদের নিজস্ব বিক্রয় কেন্দ্র থেকে -

## আমাদের পরিবেশক

**বিদেশে -**

- আমেরিকা : 41-07-28Ave.APT # 15 L.I.C NY-11103 Tel : 718-274-1809, Fax : 718-482-9935
- ইতালি : AL-MAKKAH, VIA-NAPOLEONE III - 34, ROME-00186, ITALY, TEL : 4460334
- জাপান : ISLAMIC MISSION OF JAPA 3-37-3, NISHIGAHARA, KITA-KU, TOKIO, 114, JAPAN Ph : 03-5567-0451,/30-5141636
- কাতার : P.O. BOX-31074, DOHA-QATAR, TEL-615346, FAX : 431528.
- ভারত : 7 NO COWELANE, 1ST FLOOR, CALCATA-700016, INDIA, PH - 2457856/033

**দেশে -**

**ঢাকাঃ**

- সাম্মাদ ইলেকট্রনিক্স, পাটুয়াটুলী, ঢাকা
- সাউন্ডটেক, পাটুয়াটুলী, ঢাকা
- সোনালী প্রডাক্টস, পাটুয়াটুলী, ঢাকা
- ইলেক্ট্রোভয়েজ, নবাবপুর, ঢাকা
- খাজা ইলেট্রনিক্স, নবাবপুর, ঢাকা
- বিউটি কর্ণার, স্টেডিয়াম, ঢাকা
- ঝংকার, নিউমার্কেট, ঢাকা
- গণশিক্ষা বিভাগ, মগবাজার, ঢাকা
- ইসলাম প্রচার সমিতি, কাঁটাবন, ঢাকা
- প্রফেসরর্স বুক কর্ণার, মগবাজার, ঢাকা
- তাসনিয়া বই বিতান, মগবাজার, ঢাকা
- ICS প্রকাশনী, পুরানা পল্টন, ঢাকা
- KS পাবলিকেসন্স, পুরানা পল্টন, ঢাকা
- ইসলামী ক্যাসেট ভুবন, বায়তুল মোকাররম, ঢাকা
- ইসলামী ক্যাসেট পয়েন্ট, বায়তুল মোকাররম, ঢাকা
- ধানমন্ডি বুক কর্ণার, ধানমন্ডি, ঢাকা

**চট্টগ্রামঃ**

- জাহেদ ইলেকট্রনিক্স, জহুর মার্কেট, চট্টগ্রাম
- ইসকপ অডিও ভিজ্যুয়াল সেন্টার, শাহী জামে মসজিদ সুপার মার্কেট, চট্টগ্রাম

**রাঙামাটি**

- বনরূপা ফটোস্ট্যাট এন্ড লাইব্রেরী, বনরূপা, রাঙামাটি।

**নোয়াখালীঃ**

- ফরায়েজি ইলেকট্রনিক্স, স্টেশন রোড, ফেনী
- স্টুডেন্ট লাইব্রেরী, মসজিদ মার্কেট, মাইজদীকোর্ট
- খন্দকার রেডিও ইলেকট্রনিক উত্তরবাজার, লক্ষীপুর

**কুমিল্লাঃ**

- ফারুকী হাউজ, গাংচর, কুমিল্লা
- ফরাজী বুক সেন্টার, চৌদ্দগ্রাম
- দি ইসলামিক সাউন্ড, লাকসাম, কুমিল্লা
- আনসারি ক্যাসেট ঘর, নতুনবাজার, চাঁদপুর
- ষ্টুডেন্ট লাইব্রেরী, কলেজ রোড, মতলব

**সিলেটঃ**

- আল আমীন লাইব্রেরী কুদরতুল্লা মার্কেট, সিলেট

**রাজশাহীঃ**

- সখী বিতান, রাজশাহী

**খুলনাঃ**

- মেসার্স সাঈদ ইলেকট্রনিক্স, ক্লে রোড, ডাকবাংলা মোড়, খুলনা

**ফরিদপুরঃ**

- প্রভা রেকর্ডিং, ১১৫ বলাকা সুপার মার্কেট, মুজিব সড়ক, ফরিদপুর

**বগুড়াঃ**

- ইখওয়ান গ্রন্থাগার, বড় মসজিদ লেন, বগুড়া

**নওগাঁঃ**

- আল ফারুক লাইব্রেরী, কাচারী রোড, নওগাঁ

**ঝিনাইদহঃ**

- সাইমুম বুক সেন্টার, আলহেরা স্কুল, ঝিনাইদহ

**যশোর**

- আলম ষ্টোর, দড়াটানা, যশোর

**বরিশালঃ**

- ইসলামীয়া লাইব্রেরী হেমায়েত উদ্দিন রোড, বরিশাল

**ভোলাঃ**

- ইসলামীয়া ষ্টোর, মসজিদ রোড, ভোলা

## স্পন্দন অডিও ভিজ্যুয়াল সেন্টার

৪৩৫/২-এ (চাষী কল্যাণ ভবন),ওয়ারলেছ রেলগেইট, মগবাজার, ঢাকা-১২১৭ ফোন ঃ ৪১৩২৯০

সঞ্চয় জগতে এক নতুন পদক্ষেপ

ইসলামী ব্যাংকের

# মুদারাবা সঞ্চয় বন্ড প্রকল্প

**বিনিয়োগকৃত টাকা ৫ বছরে প্রায় দেড়গুণ ও ৮ বছরে দ্বিগুণ হওয়ার সম্ভাবনা ইনশাআল্লাহ**

এই বন্ডের উপর সর্বোচ্চ হারে মুনাফা প্রদান করা হবে।

ইসলামী ব্যাংক সুদমুক্ত সঞ্চয়কে উৎসাহ প্রদান, জনগণের ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা বিধান, ইসলামী শরীয়া অনুযায়ী সঞ্চয় নিরাপদ ও লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, আয়-বৃদ্ধি এবং দেশের সার্বিক অর্থনৈতিক বিকাশের লক্ষ্যে মুদারাবা সঞ্চয় বন্ড প্রকল্প চালু করেছে।

এই প্রকল্পের আওতায় যে কোন ব্যক্তি স্বনামে অথবা যগ্মনামে এবং অলাভজনক আর্থ-সামাজিক প্রতিষ্ঠান ৫ বছর ও ৮ বছর এই দুই মেয়াদে ৫ হাজার টাকা, ১০ হাজার টাক, ২৫ হাজার টাকা, ৫০ হাজার টাকা, ১ লক্ষ টাকা ও ৫ লক্ষ টাকা মূল্যের মুদারাবা সঞ্চয় বন্ড ক্রয় করতে পারবেন। নির্ধারিত মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বেও এই বন্ড ভাঙ্গানো যাবে।

বন্ডের মালিক ইচ্ছা করলে তার বন্ডের উপর মুনাফা বছরান্তে তুলে নিতে পারবেন।

জনগণের অভূতপূর্ব সাড়ার পরিপ্রেক্ষিতে মুদারাবা সঞ্চয় বন্ড এখন থেকে সকল শাখায় পাওয়া যাবে।

শীঘ্রই এক হাজার টাকা মূল্যের বন্ডও ছাড়া হচ্ছে।




মুদারাবা সঞ্চয় বন্ডে আপনার আজকের বিনিয়োগ আগামী প্রজন্মের ভবিষ্যৎ

বিস্তারিত তথ্যের জন্য ব্যাংকের যেকোন শাখায় যোগাযোগ করুন।

কল্যাণমুখী ব্যাংকিং ধারার প্রবর্তক

**ইসলামী ব্যাংক**

শরীয়া মোতাবেক পরিচালিত

*00029697*